



(<https://www.banglanews24.com>)

‘শুধু সার্টিফিকেট নয় বিজ্ঞানের উদ্ভাবনও চাই’

সিনিয়র করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম | আপডেট: ২০২৭ ঘট্টা, সেপ্টেম্বর ১১, ২০২৩



ঢাকা: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী তরুণ প্রজন্মকে উদ্দেশ্য করে বলেছেন, শুধু সার্টিফিকেট নয়, তোমাদের কাছ থেকে বিজ্ঞানের উদ্ভাবন চাই। তরুণ প্রজন্মকে জ্ঞান বিজ্ঞান চর্চায় উজ্জীবিত হয়ে এবং নৈতিক শক্তিতে বলীয়ান হয়ে পৃথিবীকে মানুষের জন্য কল্যাণময়, শান্তিময় ও বৈচিত্র্যময়, করারও আহবান জানিয়েছেন তিনি।

সোমবার (১১ সেপ্টেম্বর) চট্টগ্রামের রাউজান ও ফটিকছড়ি উপজেলা থেকে দুদিনব্যাপী বিজ্ঞান জাদুঘর ভ্রমণে আসা ৮০ জন তরুণ শিক্ষার্থীকে নিয়ে আয়োজিত ‘মোবাইলে আসক্তি নয়: নৈতিকতা ও বিজ্ঞান চর্চা চাই’ শীর্ষক দুটি পৃথক অধিবেশনে তিনি এ আহ্বান জানান।

মুনির চৌধুরী বলেন, ‘শুধু বই পড়ে, বইয়ের বোঝা নিয়ে কিংবা মুখস্থ করে বিজ্ঞান চর্চায় কোনো সফলতা নেই। এতে কেবল সার্টিফিকেট অর্জন হবে এবং কাজক্ষিত চাকরি মিলবে। কিন্তু এ পৃথিবীতে পরিবেশ দূষণের অভিশাপ, প্রাকৃতিক সম্পদ ধ্বংসের উৎসব বা অন্যায় অনাচার রোধ করা সম্ভব হবে না। শুধু প্রযুক্তির শক্তিতে আজ মালয়েশিয়া ও সিঙ্গাপুর বড় অর্থনৈতিক শক্তিতে পরিণত হয়েছে। তরুণদের মহাকাশ নিয়ে গবেষণা করতে হবে, মহাকাশের সৃষ্টিরাজির মধ্যে মহান ঐশ্বর আল্লাহ তায়ালা জ্ঞান বিজ্ঞান চর্চার বিশাল উৎস রেখেছেন। যে পরিবেশ দূষণ আজ পৃথিবীকে বিপর্যস্ত করছে, তা রোধে এমন প্রযুক্তি উদ্ভাবন করতে হবে, যাতে তা টেকসই ও কল্যাণকর হয়।

তিনি বলেন, তরুণদের জীবন আচরণে পরিবর্তন আনতে হবে। অবিরাম মোবাইলে ডুবে থেকে জ্ঞানচর্চা সম্ভব নয়। পড়াশোনার পাশাপাশি খোলা মাঠে অবগাহন, শরীর চর্চা, ঘরে তৈরি খাবার খাওয়া, ফাস্ট ফুড ও জাঙ্ক-ফুড বর্জন, প্রকৃতির সাথে বন্ধন তৈরি এবং অভিভাবক ও শিক্ষকদের শ্রদ্ধা ও সমীহ করাকে জীবনের অপরিহার্য অনুষঙ্গে পরিণত করতে হবে। ডিগ্রি নিয়ে বা সার্টিফিকেট নিয়ে চিকিৎসক, প্রকৌশলী, বিজ্ঞানী বা বিসিএস অফিসার হলেই কেবল জীবন সার্থক হবে না। তার সঙ্গে থাকতে হবে কঠোর সততা ও নৈতিকতা। এ ক্ষণস্থায়ী জীবনকে মানব কল্যাণে বিজ্ঞানের উদ্ভাবনের মাধ্যমে কাজে লাগিয়ে মহান স্রষ্টার সমৃদ্ধি অর্জন করতে পারাটাই মানব জীবনের সার্থকতা।

তরুণ শিক্ষার্থীদের জাদুঘর ভ্রমণের পর বিজ্ঞান জাদুঘরের পক্ষ থেকে স্মারক উপহার প্রদান করা হয়।

মাইজভাণ্ডারী পলিটেকনিক ইন্সটিটিউট এবং রাউজান পলিটেকনিক ইন্সটিটিউট থেকে আগত উচ্চ মাধ্যমিক ও ডিপ্লোমা পর্যায়ে ৮০ জন তরুণ শিক্ষার্থীকে বিজ্ঞান জাদুঘর বিনামূল্যে পরিদর্শনের সুযোগ দেওয়া হয়। আগ্রহী তরুণরা অত্যন্ত উৎসাহ ভরে বিজ্ঞান জাদুঘরে বিজ্ঞানের নানা আবিষ্কার এবং ঐতিহাসিক বিবর্তনের বিষয় সরেজমিনে প্রত্যক্ষ করেন। তারা ৪ডি মুভির মাধ্যমে নভোমণ্ডল এবং মহাসাগরের নানা সৃষ্টি বৈচিত্র্য প্রত্যক্ষ করে।

বাংলাদেশ সময়: ২০২৩ ঘণ্টা, সেপ্টেম্বর ১১, ২০২৩

এসএমএকে/এমজে

সম্পাদক : জুয়েল মাজহার

ফোন: +৮৮০ ২ ৮৪৩ ২১৮১, +৮৮০ ২ ৮৪৩ ২১৮২ আই.পি. ফোন: +৮৮০ ৯৬১ ২১২ ৩১৩১ নিউজ রুম মোবাইল: +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৬, +৮৮০ ১৭২

৯০৭ ৬৯৯৯ ফ্যাক্স: +৮৮০ ২ ৮৪৩ ২৩৪৬

ইমেইল: news@banglanews24.com (mailto:news@banglanews24.com) সম্পাদক ইমেইল: editor@banglanews24.com

(mailto:editor@banglanews24.com)

Marketing Department: +880 961 212 3131 Extension: 3039 E-mail: marketing@banglanews24.com

(mailto:marketing@banglanews24.com)

কপিরাইট © 2006-2023 banglanews24.com | একটি ইন্স-ওয়েস্ট মিডিয়া গ্রুপের (ইডব্লিউএমজিএল) প্রতিষ্ঠান